

১৫ সালের ন্যায়

সৃজনশীল প্রশ্ন দাবিতে সমাবেশ

স্টাফ রিপোর্টার, কক্সবাজার ।
এসএসসি পরীক্ষায় গত বছরের
মতো কাঠামোর ডিঙিতে সৃজনশীল
প্রশ্নপত্র প্রণয়নের দাবিতে
কক্সবাজারে মানববন্ধন ও সমাবেশ
করেছে বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা ।
রবিবার বেলা ১১টায় জেলা প্রশাসক
কার্যালয়ের সামনে সাধারণ শিক্ষার্থী
ব্যানারে এ মানববন্ধন ও সমাবেশ
শিক্ষার্থীরা বলেন, আগামী ২০১৭
সালের এসএসসি পরীক্ষায় প্রতি
বিষয়ে ৭টি সৃজনশীল ও ৩০টি বহু
নির্বাচনী প্রশ্নের কাঠামোর ডিঙিতে
প্রণয়নকৃত প্রশ্নপত্র পদ্ধতিতে
পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে
কর্তৃপক্ষ অথচ ২০১৫ সালেও
এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে
৬টি সৃজনশীল ও ৪০টি বহুনির্বাচনী
প্রশ্নপত্র পদ্ধতিতে । এতে অল্প
সময়ে ৭টি সৃজনশীল প্রশ্ন লিখতে
গিয়ে অতিরিক্ত মানসিক চাপে
পড়তে হবে । যেখানে আগের
পদ্ধতিতে একটি প্রশ্নের উত্তরের
জন্য সাড়ে ২৩ মিনিটের বেশি সময়
পাওয়া যেত, এখন নতুন পদ্ধতিতে
সময় পাওয়া যাবে প্রায় সাড়ে ২১
মিনিট । এ জন্য আমরা আগের
প্রশ্নপত্রের কাঠামোর ডিঙিতে
পরীক্ষা গ্রহণের দাবি
জ্ঞানার্থি । সমাবেশের আগে
কক্সবাজার শহরের বিভিন্ন স্কুলের ৪
শতাধিক শিক্ষার্থী কেন্দ্রীয় শহীদ
মিনারে জড়ো হয়ে বিকোড
মিছিলসহকারে শহরের প্রধান সড়ক
প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসক
কার্যালয়ের সামনে সমবেত হয় ।